ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




কেন এতো হুমকি পাচ্ছেন সালমান খান?

পৃঃ ৫



'অস্ট্রেলিয়ায় ভালো না করলে অবসর নিতে পারেন রোহিত'

পৃঃ ৬


Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৩ ● কলকাতা ● ২৫ কার্তিক, ১৪৩১ ● সোমবার ● ১১ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## সিঙারা খেয়েই জীবন-মরণের লড়াই করছে শিশু

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাস্তায় বেরিয়েই জেদ ধরেছিল সিঙারা খাবে। খুদে সদস্যের কথা ফেলতে পারেনি পরিবারও। বায়না শুনেই রাস্তার ধারের দোকান থেকে কিনে দিয়েছিলেন একটা সিঙারা। কিন্তু সেই সিঙারা খেয়েই ভয়ঙ্কর পরিণতি হল শিশুর। নিমেষেই হাসপাতালে নিয়ে ছুটতে হল তাঁকে। এখন জীবন-মরণের টানাটানি চলছে শিশুটির। কী এমন ছিল ওই সিঙারার ভিতরে, যার কারণে এই অবস্থা হল শিশুর?পরিবারের সদস্যরা হোটেল মালিককেও সিঙারায় টিকটিকি পাওয়ার বিষয়টি জানিয়েছিল, কিন্তু দোকানদার তা উপেক্ষা করেই খাবার বিক্রি করতে থাকে। পরে খাদ্য দফতরে অভিযোগও করা হলে, দোকানে অভিযান চালানো হয় এবং হোটেল অপারেটরের লাইসেন্স বাতিল করা হয়। পুলিশেও দোকানির বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে।অভিযোগ, সিঙারার পুরের ভিতরে ছিল আস্ত একটি টিকটিকি। শিশুটি খাওয়ার সময় কিছুই বুঝতে পারেনি।

এরপর ৩ পাতায়

## পুলিশ সরিয়ে দিলে ১৫ মিনিটও তৃণমূল কংগ্রেস বলে কোনও দল থাকবে না বিতর্ক মন্তব্য সুকান্তর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সাম্প্রতিক বক্তব্য নিয়ে রাজনৈতিক মহলে উত্তেজনা ছড়িয়েছে। বাঁকুড়ার তালডাংরা বিধানসভা উপনির্বাচনের প্রচারে তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করতে গিয়ে পুলিশের ভূমিকা নিয়ে বিতর্কিত মন্তব্য করেন তিনি। সুকান্ত বলেন,পুলিশ সরিয়ে দিলে ১৫ মিনিটও তৃণমূল কংগ্রেস বলে কোনও দল থাকবে না।তৃণমূল কংগ্রেস সুকান্তের এহেন মন্তব্যের কড়া সমালোচনা করে নির্বাচন কমিশনে অভিযোগ দায়ের করেছে। তৃণমূলের অভিযোগ, সুকান্ত মজুমদারের এই মন্তব্য পুলিশ প্রশাসনের প্রতি অসম্মানসূচক ও অপমানজনক।প্রচারের মঞ্চে সুকান্ত মজুমদার বলেন, পুলিশের উর্দি পরে তৃণমূলের হয়ে দালালি করলে তা মেনে নেওয়া হবে না। যাঁরা উর্দি পরে আছেন, তাঁদের উচিত তৃণমূলের প্রতীক নিয়ে রাস্তায় নেমে রাজনীতি করা।তিনি আরও বলেন,আমাদের লড়াই তৃণমূলের সঙ্গে নয়, পুলিশের সঙ্গে। কিন্তু সময় বদলাবে এবং সেই সময় তারা বুঝতে পারবে।

## ৫ সদস্য কে নিয়ে কি করে হলো বৈঠক, স্পিকার কে অভিযোগ তৃণমূল সাংসদ কল্যানের



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা : নিউজ সারাদিন :** বিরোধীদের কোনও কথা শোনা হচ্ছে না বলে আগেই বৈঠক বয়কটের সিদ্ধান্ত জানিয়ে দিয়েছিলেন। ফের ওয়াকফ নিয়ে শুরু হওয়া সংসদের জেপিসি (জয়েন্ট পার্লামেন্টারি কমিটি) মিটিং নিয়ে প্রশ্ন তুলে স্পিকার ওম বিড়লাকে ইমেল পাঠালেন তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়তিনি সরাসরি প্রশ্ন তুললেন, প্রশ্ন তুললেন, যেখানে ৩১ জন সদস্য আছে কমিটিতে। সেখানে মাত্র পাঁচজনকে নিয়ে কীভাবে হল বৈঠক?

শনিবার লোকসভার স্পিকারকে পাঠানো ওই চিঠিতে কল্যাণ বন্দ্যোপাধ্যায় লিখেছেন, 'আমরা বিরোধী দলের সদস্যরা জেপিসি'র চেয়ারম্যানের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলেছিলাম। গত ৫ নভেম্বর আপনার সঙ্গে দেখা করেছিলাম। আমাদের কথা শুনে আপনি আমাদের বক্তব্যের সঙ্গে সহমত পোষণ করেন। আমরা ভেবেছিলাম, ৯ তারিখের সফর বাতিল হবে। কিন্তু অবাক হয়ে দেখলাম, সফর তো বাতিল হয়নি, বরং মাত্র পাঁচজন সদস্যের দল নিয়ে গুয়াহাটিতে বৈঠক হল!'

সরাসরি জেপিসি'র চেয়ারম্যান জগদম্বিকা পালের দিকে অভিযোগের আঙুল তুলে তৃণমূল কংগ্রেস সাংসদের দাবি, চেয়ারম্যানের এই অসংবেদনশীল আচরণ সংসদীয় কমিটির কার্যক্রমকে উপহাসে পরিণত করেছে। এটা সাংবিধানিক নীতিরও বিরোধী। তবে লোকসভার অভিভাবক হিসাবে ওম বিড়লাকে বিষয়টিতে নজর দিতে অনুরোধ করেছেন কল্যাণ।

এরপর ৩ পাতায়

## হাসিনাকে বাগে পেতে মরিয়া ইউনুস সরকার, জারি হচ্ছে রেড কর্নার নোটিস



**ঢাকা : নিউজ সারাদিন :** দেশে অরাজক পরিস্থিতির জেরে তিনমাস ধরে ভারতের রাজনৈতিক আশ্রয়ে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গোপন আস্তানা থেকেই তিনি বদলে যাওয়া পরিস্থিতি নিয়ে মাঝেমধ্যে বক্তব্য রাখছেন। তাঁকে দেশে ফিরিয়ে বিচারের পক্ষে আগেই সওয়াল করেছিল নোবেলজয়ী মহম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার।

এদিকে, শেখ হাসিনার ভাইরাল হওয়া অডিওর নির্দেশ অনুযায়ী রবিবার ঢাকার রাস্তায় সমাবেশের আয়োজন করে ১০ জন গ্রেপ্তার হয়েছেন। তাঁদের গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। অভিযোগ, তাঁরা সদ্য নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি ও মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকা ব্যবহার করে মিছিলে

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## সংগ্রামের অপর নাম মমতা, তৃণমূলের ভবিষ্যৎ অভিষেক',

# এবার মুখ খুললেন নারায়ণ



কলকাতা: নিউজ সারাদিন : কুণাল ঘোষ, সৌগত রায়, কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের পর এবার নারায়ণ গোস্বামী। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হয়ে ব্যাট ধরলেন আরও এক তৃণমূল নেতা। মমতা বন্দ্যোপাধ্যায়ের পর অভিষেকই মুখ্যমন্ত্রী বলে যদিও ঘোষণা করেননি নারায়ণ। তবে জানিয়ে দিলেন, ভবিষ্যতের তৃণমূল নেতার নাম অভিষেক। এর পর মুখ খোলেন সৌগত। তাঁর বক্তব্য ছিল, "অভিষেকই তো মমতার উত্তরাধিকারী! অভিষেক আগে দায়িত্ব নিয়ে ভাল কাজ করেছে। সেই জন্যই ওকে দায়িত্ব দেওয়া উচিত। দলটা মমতা বন্দ্যোপাধ্যায় তৈরি করেছেন। পঞ্চায়েত নির্বাচনে বেটার প্রার্থী পেয়েছিলাম আমরা। ফলাফলও ভাল হয়েছিল তুলনামূলক। আবার সেটা শুরু করলে ফল ভাল হবে।" এক সময়, তৃণমূলে বিভাজনের খবর যখন তুঙ্গে, সেই সময় মমতা ছাড়া কাউকে নেতা মানেন না বলে মন্তব্য করে শোরগোল ফেলে দিয়েছিলেন কল্যাণ। কিন্তু তিনিও অভিষেকের ভূয়সী প্রশংসা করছেন আজকাল। অভিষেক ভাল কাজ করছেন, আগামী দিনে যে তিনি প্রশাসনের মাথায় বসবেন, তা নিয়ে কোনও দ্বিধা নেই বলে মন্তব্য করেন। একযোগে সকলে অভিষেক প্রশস্তিতে নামলেন কেন, সেই নিয়ে বাড়ছে জল্পনা। তৃণমূলের একের পর এক বর্ষীয়ান সাংসদ, বিধায়ক, নেতারা যেভাবে অভিষেকের হয়ে বয়াট ধরছেন, তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। অশোকনগরের তৃণমূল বিধায়ক নারায়ণ অভিষেকের হয়ে সওয়াল করতে গিয়ে বলেন, "মমতা বন্দ্যোপাধ্যায় সংগ্রামের অপর নাম। দলের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অভিষেক বন্দ্যোপাধ্যায়ও ১০০ শতাংশ তাঁকে নেত্রী মনে করেন। এ নিয়ে কোনও সন্দেহ, দ্বিমত নেই। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের পর তৃণমূলের ভবিষ্যৎ অভিষেক বন্দ্যোপাধ্যায়। মমতা বন্দ্যোপাধ্যায় নেত্রী, তা নিয়ে যেমন দ্বন্দ্ব নেই, তেমনই অভিষেক ভবিষ্যতের নেতা। মুখ্যমন্ত্রী হবেন কি না, সেটা পরবর্তী প্রশ্ন, পরিস্থিতি কথা বলবে। কিন্তু ভবিষ্যতের তৃণমূল নেতার নাম অভিষেক বন্দ্যোপাধ্যায়।" দলের একের পর এক নেতারা অভিষেকের হয়ে ব্যাট ধরায় রাজ্য রাজনীতি এখন সরগরম। ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল নেতাদের এমন অবস্থান নেহাত কাকতালীয় নয় বলে মনে করছেন অনেকে। একসময় রাজনীতিতে নেতাদের বয়সের পক্ষে সওয়াল করা অভিষেক, যিনি লোকসভা নির্বাচনে প্রবীণ নেতাদের হয়ে প্রচারেও যাননি, তাঁর হয়ে সমস্বরে সকলে সওয়াল করতে শুরু করলেন কেন, উঠছে প্রশ্ন। সম্প্রতি অভিষেক নিয়ে প্রথম প্রশস্তি করতে দেখা যায় কুণাল ঘোষকে। অল্প সময়ের মধ্যে অভিষেক যেভাবে নিজেকে তৈরি করেছেন, দলের সংগঠনে তাঁর যে ভূমিকা, তাকে দরাজ সার্টিফিকেট দেন কুণাল। অভিষেককে জন্মদিনের শুভেচ্ছা জানাতে গিয়ে লেখেন, 'মমতাদিকে দীর্ঘদিন দেখেছি, অভিষেককেও দেখছি। দ্রুত আরও পরিণত। আবেগের সঙ্গে মিশছে আধুনিক পদ্ধতি, প্রযুক্তি। আরও ধারাল হচ্ছে অভিষেক। সময়ের নিয়মে মমতাদির পর একদিন বাংলার মুখ্যমন্ত্রী হবে। মমতাদির ঘরানার সময়োপযোগী ধারক ও বাহক'।

## কলকাতার বউবাজারে লোহার সুড়ঙ্গ!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : কংক্রিট সুড়ঙ্গের মধ্যে তৈরি হচ্ছে লোহার সুড়ঙ্গ। ইস্ট-ওয়েস্ট মেট্রো রুটে বউবাজারে এই বিশেষ ব্যবস্থা করা হচ্ছে। একটি টানেলে ১০৮ মিটার জায়গা। অপর টানেলে ৯২ মিটার জায়গায় এই লোহার রিং দেওয়া হচ্ছে। বউবাজারে একাধিকবার ঘটে গিয়েছে দুর্ঘটনা। মাটির তলার জল বেরিয়ে এসে, মাটি বসে গিয়ে বহুবার বাড়িতে ধরেছে ফাটল। বউবাজার অংশে মেট্রোর কাজ করতে গিয়ে যেভাবে বারবার মাটির লুকানো জলস্তর বিপদে ফেলেছে ইঞ্জিনিয়ারদের, তা নিয়ে বেশ চিন্তায় থাকে নির্মাণকারী সংস্থা। তাই আরও বেশি করে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে নেমে, সুড়ঙ্গর নির্দিষ্ট জায়গায় লোহার চাদর দেওয়া হচ্ছে। আধ ইঞ্চি পুরু ধাতব ইস্পাতের এই চাদর বসানো হচ্ছে। মেট্রো সূত্রে খবর, আগামী কয়েকদিনে সেই কাজ শেষ হয়ে যাবে। বউবাজার লাগোয়া নির্দিষ্ট অংশে শেষ পর্যায়ের কাজ। অতি সন্তর্পণে করছে রেল। নতুন করে আর বিপদ বা সমস্যা আসুক তারা চাইছে না। এই কাজ শেষ হলেই শিয়ালদহ থেকে এসপ্ল্যানেড মেট্রো পথে জুড়ে যাবে। হাওড়া ময়দান থেকে মেট্রো ছুটবে সেক্টর ফাইভ অবধি। তাই এবার বাড়তি সুরক্ষায় এই বিশেষ উদ্যোগ কেএমআরসিএলের। ২০১৯ সাল থেকে ২০২৪ গত পাঁচ বছরে একাধিক বার বউবাজার নিয়ে সমস্যায় পড়তে হয়েছে মেট্রোকে। বারবার কাজ করতে গিয়ে মাটির নীচে লুকানো জলস্তর থেকে জল বেরিয়ে আসায় সুড়ঙ্গ তৈরির কাজে সমস্যা তৈরি হয়। একের পর এক বাড়ি মাটির ওপরে ভেঙে পড়ে। সুড়ঙ্গ তৈরির কাজ শেষ হলেও, বিপত্তি তৈরি হয় এক সুড়ঙ্গ থেকে পাশের সুড়ঙ্গতে যাওয়ার রাস্তা বানাতে গিয়ে যাকে বলা হয় ক্রস প্যাসেজ। সেই কাজ করতে গিয়েও, পুনরায় জল বেরিয়ে আসে। তবে সেই কাজ শেষ করা গেছে। আপাতত চলছে একটি এমারজেন্সি এভাকুয়েশন তৈরির জায়গা। যেহেতু শিয়ালদহ থেকে এসপ্ল্যানেড মেট্রো স্টেশনের দূরত্ব দুই কিলোমিটারের বেশি তাই এর মাঝে স্টেশন করার জায়গা না পেয়ে আপৎকালীন পরিস্থিতিতে যাত্রী বের করে আনার জায়গা বানানো হচ্ছে।

### আইবির রিপোর্ট আসতেই

## শুভেন্দু অধিকারীর নিরাপত্তা আরও বাড়াল কেন্দ্রীয় সরকার



দিল্লি : নিউজ সারাদিন : বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নিরাপত্তা আরও বাড়াল কেন্দ্রীয় সরকার। স্বরাষ্ট্র মন্ত্রক সম্প্রতি তাঁর নিরাপত্তা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। এতদিন পশ্চিমবঙ্গের মধ্যেই তাঁর জন্য নির্দিষ্ট ছিল জেড ক্যাটেগরির নিরাপত্তা। কিন্তু অন্য রাজ্যে ওয়াই ক্যাটেগরি নিরাপত্তা পেতেন। তবে এবার জেড ক্যাটেগরির নিরাপত্তা গোটা দেশেই পাবেন নন্দীগ্রামের বিধায়ক। শুভেন্দু অধিকারীর নিরাপত্তা বাড়ানো হল কেন? সূত্রের খবর, সম্প্রতি ইন্টেলিজেন্স ব্যুরো (আইবি) শুভেন্দু অধিকারীর থ্রেট পারসেপশন রিপোর্ট তৈরি করেছে। যা তাঁর উপর বিদ্যমান বিপদ সম্পর্কে জানায়। এই রিপোর্টের ভিত্তিতেই স্বরাষ্ট্র মন্ত্রক তাঁর নিরাপত্তা ব্যবস্থার পরিধি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। তাঁকে পশ্চিমবঙ্গের বাইরে বিভিন্ন রাজ্য সফরের সময়ও জেড ক্যাটেগরির সুরক্ষা দেওয়া হবে। আরও বেশি নিরাপত্তারক্ষী থাকবেন তাঁর সঙ্গে। বুলেট প্রুফ গাড়ি থাকবে তাঁর কনভয়ে। শুভেন্দু অধিকারী রাজ্য রাজনীতির গুরুত্বপূর্ণ মুখ। বাংলায় বিজেপির অন্যতম মুখ। সূত্রে জানা গিয়েছে, সম্প্রতি বিভিন্ন ইস্যুতে সরব ভূমিকার জন্য তাঁর নিরাপত্তায় আরও জোর দেওয়ার প্রয়োজন অনুভব করেছে কেন্দ্রীয় সরকার।

### আরামবাগের মনসাতলায় মনসা তলা পল্লি

## জগদ্ধাত্রী পুজোয় উপস্থিত হলেন কৃষি বিপণন মন্ত্রী বেচারা মান্না !

বেবি চক্রবর্তী: হুগলী : নিউজ সারাদিন : রাজ্যের বিভিন্ন প্রান্তে জগদ্ধাত্রী পূজার শুভ আরম্ভ হয়ে হয়েছে ষ এবং তারই শুভ উদ্বোধন করতে বিভিন্ন দপ্তরের মন্ত্রী ,নেতা কর্মীবৃন্দরা যাচ্ছে সেইসব পূজা মন্ডপে ষ তারই মধ্যে আজ হুগলি জেলার আরামবাগের মনসাতলার মনসাতলা পল্লি জগধাত্রী পূজা তে এসে উপস্থিত হয়েছেন কৃষি বিপণন মন্ত্রী ব্যাচারাম মান্না ষ আরামবাগ লোকসভার সাংসদ মিতালী বাগ , আরামবাগের প্রাক্তন চেয়ারম্যান স্বপন কুমার নন্দী , আরামবাগের প্রাক্তন এম এল এ কৃষ্ণ চন্দ্র সাঁতরা ,সহ আরও বিভিন্ন নেতা বৃন্দরা উপস্থিত ছিলেন ষ এবং মনসাতলা পল্লী পূজা কমিটির সমস্ত সদস্য রাও উপস্থিত ছিলেন এই দিন ষ কৃষি মন্ত্রী বেচারাম মান্না এই জগদ্ধাত্রী মায়ের সৃষ্টি বা ইতিহাস নিয়ে কিছু কথা তুলে ধরলেন কিভাবে জগদ্ধাত্রী মায়ের আবির্ভাব এই ভুবনে ষ তারপরে সমস্ত নেতা কর্মীবৃন্দদের নিয়ে মন্ত্রী বেচারাম মান্না মনসা তলা পল্লীর জগদ্ধাত্রী পূজার উদ্বোধন করলেন এবং তারই পাশাপাশি তিনি মন্ত্র যব করলেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানাই মনসাতলা পল্লীর জগদ্ধাত্রী পূজাতে এসে সত্যিই আমার খুব ভালো লেগেছে, এখানকার পরিবেশ সত্যিই অসাধারণ যেভাবে আমাদের আপন করল সত্যিই অতুলনীয় এবং তারই পাশাপাশি আজকে আরো বিভিন্ন জায়গায় শুভ উদ্বোধন আছে জগদ্ধাত্রী পূজা উপলক্ষে ষ সেই গুলিতেও যেতে হবে এবং চাষীদের যে হারে ক্ষতি হয়েছে ,এই বিপর্যয়েতে তার জন্য তাদেরকে আর্থিক দিক থেকেও সাহায্য করা হয়েছে। আরো কিছু ব্যবস্থা আমরা গ্রহণ করছি। জানালেন কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না।

## ১০ই নভেম্বর অপারেশান সূর্যোদয়ের বর্ষপূর্তি নন্দীগ্রামে

বেবী চক্রবর্তী : নন্দীগ্রাম : নিউজ সারাদিন : ২০২১ সালের পর থেকে এই ১০ই নভেম্বর শহীদ স্মরণ সভা ঘিরে প্রতিবছর তৃণমূল কংগ্রেস বনাম শুভেন্দু অধিকারী টানটান উত্তেজনা থাকে। নন্দীগ্রামের গোকুলনগর এর করপল্লীতে ১০ই নভেম্বর শহীদ স্মরণ সভা অনুষ্ঠিত হয় প্রতি বছর। প্রশাসনের উপস্থিতিতে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি উভয় দলের সম্মতিতে বিজেপির পক্ষ থেকে শুভেন্দু অধিকারী

এরপর ৩ পাতায়







### সুন্দরবনে বাঘে খাওয়া এলাকায় বিনামূল্যে

## চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হলো কাঁটামারীতে

সুন্দরবন, দঃ২৪ পরগনা : নিউজ সারাদিন : আজ ১০ই নভেম্বর দক্ষিণ ২৪ পরগনার কুলতলী ব্লকের দেউলবাড়ী দেবীপুর গ্রাম পঞ্চায়েতে কাঁটামারী বালক সংঘের পরিচালনায়,ও সহযোগিতায় প্রেমানন্দ মেমোরিয়াল লেপ্রসি হসপিটাল এবং দেবায়ন সাহা সাহায্যে। কাঁটামারী বালক সংঘের স্কুল গৃহে বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও চশমা প্রদান সহ - বিনামূল্যে ছানি অপারেশন, সুগার, পেশার পরীক্ষা করা হয়। এই শিবিরে ৪১৫ জন রোগী চক্ষু পরীক্ষা করেন, সবাই চশমা পান ও ৪০ জনের মতো রোগীর ছানি অপারেশন করা হবে উনিশে ফেব্রুয়ারি কলকাতায় মানিকতলা প্রেমানন্দ মেমোরিয়াল লেপ্রসি হাসপাতালে - বাসে করে নিয়ে গিয়ে অপরেশন করে পুনরায় সকল রোগীকে একি ভাবে বাড়ীতে পৌঁছে দেবেন কাঁটামারী বালক সংঘের মাধ্যমে। এই চক্ষুদান শিবিরে উপস্থিত ছিলেন প্রেমানন্দ মেমোরিয়াল ল্যাপসি হাসপাতালের ম্যানেজার ও সুন্দরবনের রূপকার মিঃ মলয় বাবু ও সি.এ মিঃ রাজীব পাঁজা, মিঃ প্রার্থ সাহ,মিঃ অজয়,মিঃ ঢালী,মিঃ অমিত,মিসেস খুসুনা,গৌতম সরকার, মিঃ সাজিদ হুসেন। প্রমুখ। এই শিবিরে মিঃ মলয় বাবু বলেন সুন্দরবনের নয় টি ব্লকে চক্ষু পরীক্ষা সহ বন্যা স্লাইক্লোন মানুষের যেকোনো বিপদে প্রেমানন্দ হাসপাতাল সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন ও আগামী দিনে দেবেন। এবং সি,এ মিঃ রাজীব পাঁজা মহাশয় সুন্দরবন এলাকায় প্রকৃত মৎস্যজীবি, পরিযায়ী শ্রমিক এবং সুন্দরবনের বাঘে খাওয়া পরিবারের গরীব মানুষের হাতে এই চিকিৎসা পরিষেবা তুলে দিতে পেরে খুব খুশি বলে আমাদের প্রতিনিধি কে জানান।

### চোলাই মদের বিরুদ্ধে নয়াগ্রাম থানার পুলিশের অভিযান,

## উদ্ধার বিপুল পরিমাণ চোলাই মদ

অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন : চোলাই মদের বিরুদ্ধে অভিযান চালিয়ে ফের নয়াগ্রাম থানার পুলিশের সাফল্য। অভিযান চালিয়ে উদ্ধার হলো ৭০ লিটার চোলাই মদ। রবিবার সন্ধ্যায় নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষালের নেতৃত্বে নয়াগ্রাম ব্লকের ভালুকবাসা সহ একাধিক এলাকায় নয়াগ্রাম থানার পুলিশ চোলাই মদের বিরুদ্ধে অভিযান চালায়। ওই গ্রামগুলিতে তল্লাশি অভিযান চালিয়ে প্রচুর চোলাই মদ নষ্ট করে দেয় পুলিশ। বেআইনিভাবে গজিয়ে ওঠা চোলাই মদের ঠেক গুলিতে এদিন নয়াগ্রাম থানার পুলিশ গিয়ে তল্লাশি অভিযান চালায়। তল্লাশি অভিযান চালিয়ে ৭০ লিটার চোলাই মদ ও ৫০০০ লিটার চোলাই মদ তৈরির উপকরণসহ উদ্ধার করে নষ্ট করে দেওয়া হয়।

## চাঁপদানী পৌরসভার পলতা ঘাটে

# জগদ্ধাত্রী মাতার মন্দিরে পালিত হচ্ছে সম্প্রীতির জগদ্ধাত্রী পূজা

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, চাঁপদানি, হুগলি : নিউজ সারাদিন** : চাঁপদানি পৌরসভার পলতাঘাটে জগদ্ধাত্রী মাতার মন্দিরে পালিত হচ্ছে জগদ্ধাত্রী পুজা। ধর্ম যে যার উৎসব সবার এই শ্লোগানকে সামনে রেখে মমতা ব্যানার্জির অনুপ্রেরণায় বিভিন্ন ধরনের মানুষ চাঁপদানী পৌরসভার পলতা ঘাটে জগদ্ধাত্রী পূজায় সামিল হন। হিন্দি ভাষাভাষীদের সর্বশ্রেষ্ঠ উৎসব সূর্য দেবতার ছট পূজা হলেও এই জগদ্ধাত্রী পূজার উৎসবএ ধনী, দরিদ্র সকলেই সমবেত হয়। যারা দরিদ্র এবং দুঃস্থ মানুষ তাদের অনেকেই হয়তো বস্ত্র কিনতে পারেনি, তাদের কথা মাথায় রেখে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় চাঁপদানী পৌরসভার পৌর প্রধান সুরেশ মিশ্রার উদ্যোগে চাঁপদানী পৌরসভার পলতা ঘাটে দুঃস্থ মানুষদের প্রত্যেকের হাতে তুলে দেওয়া হয় বস্ত্র। এই জগদ্ধাত্রী পূজায় ১৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শ্রীমতি শর্মিষ্ঠা মিশ্রা মহিলা সমিতির কর্মীদের সাথে নিয়ে পূজার আয়োজন করেন। এই পূজার সাথে যুক্ত আছেন স্থানীয় সংসদ কল্যাণ ব্যানার্জি, স্থানীয় বিধায়ক অরিন্দম গুইন, ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সুরজ কুমার গুপ্তা, কাউন্সিলার জীতেন্দর সিং, বিশিষ্ট সমাজ সেবক রাজু জ্যায়সয়াল, সমাজসেবক রাহুল রায় সহ বিশিষ্ট ব্যক্তিরা। উল্লেখ মুসলমান ধর্মাবলম্বীদের ঈদ উৎসবেও পৌরপ্রধান সুরেশ মিশ্রা বস্ত্র বিতরণ করেন। পৌর প্রধান সুরেশ মিশ্রা বলেন জগদ্ধাত্রী পূজায় বিল কেটে কারো কাছ থেকে চাঁদা নেওয়া হয় না, স্বেচ্ছায় সবাই দান করে যান, এই পূজায় মায়ের কাছে।

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# সিঙারা খেয়েই জীবন-মরণের লড়াই করছে শিশুমূল

যতক্ষণে তার পরিবারের লোকজন দেখতে পায়, তখন শুধু সিঙারার আলুর মধ্যে টিকটিকির মাথাটুকুই রয়ে গিয়েছে, বাকি পুরোটা অংশ শিশুটির পেটে চলে যায়। এরপরই অসুস্থ হয়ে পড়ে শিশুটি। শুরু হয় বমি, পেট ব্যথা। অবস্থার অবনতি হলে তড়িঘড়ি হাসপাতালে ভর্তি করানো হয়। ঘটনাটি ঘটেছে মধ্য প্রদেশের রেওয়া জেলায়। বৃহস্পতিবার রাতে টিকটিকি সুদ্ধ সিঙারা খেয়ে এক শিশু অসুস্থ হয়ে পড়ে। শিশুটির পরিবারের অভিযোগ পেয়েই আকশনে নামে খাদ্য অধিদপ্তর। ওই দোকানে গিয়ে তল্লাশি চালানো হয়। সেখানে দেখা যায়, অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে খাবার বানানো হয়। এরপরই খাদ্য দফতরের টিম ওই হোটেল অপারেটরের লাইসেন্স বাতিল করে দেয়।জানা গিয়েছে, রেওয়ার সিভিল লাইন থানা এলাকার পাদরায় রাস্তার ধারে চলত সুরেশ হোটেল। সকাল-সন্ধ্যা সেখানে খাবার খেতে মানুষের ভিড় লেগেই থাকত। বৃহস্পতিবার সন্ধ্যায় শিশুটির জন্য ওই দোকান থেকে সিঙারা কেনা হয়। শিশুটি যখন খাচ্ছিল, তখন তাঁর পরিবারের সদস্যরা লক্ষ্য করেন যে সিঙারার মধ্যে একটি টিকটিকির মাথা দেখা যাচ্ছে। বাকি সিঙারাটি ততক্ষণে খেয়ে ফেলেছে শিশুটি। এরপরই তাঁকে দ্রুত সঞ্জয় গান্ধী হাসপাতালে ভর্তি করা হয়।

১-ম পাতার পর

# হাসিনাকে বাগে পেতে মরিয়া ইউনুস সরকার, জারি হচ্ছে রেড কর্নার নোটিস

ভাঙচুরের পরিকল্পনা বাস্তবায়ন করছিলেন। ডিএমপির জনসংযোগ বিভাগের উপ-পুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান জানান, সম্প্রতি ভাইরাল অডিও বার্তায় শেখ হাসিনা দেশকে অস্থিতিশীল করার লক্ষ্যে দলের নেতা-কর্মীদের যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি ও যুক্তরাষ্ট্রের পতাকা ব্যবহার করে মিছিল সমাবেশের নির্দেশ দিয়েছেন। শনিবার রাতে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এখনও পর্যন্ত দশজনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। তাঁদের হেফাজত হতে বিপুল উসকানিমূলক পোস্টার, ছবি-সহ প্ল্যাকার্ড ও নগদ অর্থ বাজেয়াপ্ত করা হয়।এবার গদিচ্যুত প্রধানমন্ত্রীকে ফেরাতে ইন্টারপোলের মাধ্যমে রেড কর্নার নোটিস জারি করতে চলেছে ইউনুস সরকার। শুধু তাই নয়, আওয়ামি লিগের সমস্ত পলাতক নেতাদের বিরুদ্ধেই এই নোটিস জারি করা হবে। রবিবার ঢাকায় একথা জানিয়েছেন আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল।রবিবার ঢাকায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পুরাতন ভবনের সংস্কার কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের ড. আসিফ নজরুল একথা জানান। আইন উপদেষ্টার কথায়, "আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) দেওয়া আওয়ামি লিগের অভিযোগ সরকার আমলে নিচ্ছে না। দেশের মর্যাদা ক্ষুন্ন করতেই সরকারের বিরুদ্ধে আইসিসিতে অভিযোগ দিয়েছে আওয়ামি লিগ। অভিযোগটি কোনওভাবেই গৃহীত হওয়ার কারণ নেই।" আসিফ নজরুল আরও বলেন, "এটা কোনও মামলা না, এটা আইসিসির প্রসিকিউশন অফিসকে একটা পিটিশন লেখে জানানো। এটা পৃথিবীর যে কোনও মানুষ করতে পারে। এটা এতই অবিশ্বাস্য ও হীনতামূলক মামলা কোনওভাবেই এটার রিট হওয়ার কারণ নাই। এটা ফ্যাসিস্ট চক্র। বিশ্ব জনমতকে, বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করার জন্য, নিজেদের আত্মরক্ষার জন্য মিথ্যা প্রচার চালানোর উপায় হিসেবে এই মামলাটা করেছে।"

১-ম পাতার পর

# ৫ সদস্য কে নিয়ে কি করে হলো বৈঠক, স্পিকার কে অভিযোগ তৃণমূল সাংসদ কল্যনের

গত বৃহস্পতিবারই বিরোধী জোট 'ইন্ডিয়া' অন্তর্ভুক্ত দলগুলি ওয়াকফ বিল নিয়ে গঠিত সংসদীয় যৌথ কমিটির পাঁচ রাজ্যের সফর নিয়ে বয়কটের সিদ্ধান্ত নেয়। কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে সে কথা ঘোষণা করেছেন ওয়াকফ জেপিসির অন্যতম সদস্য তথা শ্রীরামপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

২ পাতার পর

# ১০ই নভেম্বর অপারেশান সূর্যোদয়ের বর্ষপূর্তি নন্দীগ্রামে

সকাল ১০ টায় এবং তৃণমূল কংগ্রেস ১১ টায় থেকে এই শহীদ স্মরণসভা পালন করছে। দুই পক্ষের সময় ভিন্ন থাকলেও মঞ্চ দুটি আবার পাশাপাশি। আছে পর্যাপ্ত নিরাপত্তা ও। যদিও তৃণমূলের পক্ষে জেলা ও ব্লক নেতৃত্বরা থাকলেও রাজ্য নেতৃত্ব উপস্থিত থাকতে পারে বলে জানা গেছে। রাজ্যে উপনির্বাচন, তাই নন্দীগ্রামে হাওয়া গরম হবেই এমনি মত রাজনৈতিক মহলের। ইতিমধ্যেই বিজেপির তরফ থেকে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পালিত হয়েছে অপারেশন সূর্যোদয়ের বর্ষপূর্তি। বিরোধী দলনেতা প্রথমে শহীদদের মূর্তিতে মাল্য দান করেন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

# ক্যানিংয়ের লজে নিয়ে গিয়ে গৃহবধূকে ধর্ষণ করে খুন, নরেন্দ্রপুর থেকে গ্রেফতার যুবক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ক্যানিংয়ে ধর্ষণ করে এক গৃহবধূকে খুনের অভিযোগে নরেন্দ্রপুর থানা এলাকা থেকে এক যুবককে গ্রেফতার করল পুলিস। ধৃতের নাম মহসিন মোল্লা। আবাস যোজনার ঘর এসেছে কিনা বিডিও অফিসে যাওয়ার কথা বলে প্রেমিকা গৃহবধূকে একটি লজে নিয়ে গিয়ে ধর্ষণ করে খুন করা হয় বলে অভিযোগ পরিবারের।

এমন ঘটনায় ক্যানিং বাজার এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। খবর যায় ক্যানিং থানার পুলিসের কাছে। ক্যানিং থানার পুলিস মৃতদেহটি উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে যায়। সেখানে ডাক্তারি পরীক্ষার পর মৃতদেহটি ময়নাতদন্তের জন্য নিয়ে যায়। মৃত বধূর পরিবার লিখিতভাবে অভিযোগ করে বলে জানা যায়। অভিযুক্তের কঠোর শাস্তির দাবিও তোলে তারা। এতদিন অভিযুক্ত পালিয়ে বেড়াচ্ছিল।মৃত ওই গৃবধূর নাম আমিনা মোল্লা(৪৭)। ক্যানিং থানার পুলিস মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করে। স্থানীয় সুত্রে জানা গিয়েছে ক্যানিংয়ের দাঁড়িয়া পঞ্চায়েতের গোবরামারী গ্রামের বধূ আমিনা। বেশকিছু দিন যাবত ওই বধূর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে প্রতিবেশী মহসিন মোল্লার। অভিযোগ ওই বধূকে নিয়ে ক্যানিং বিডিওতে আবাস যোজনায় ঘরের নাম এসেছে কিনা জানতে মহসীন মোল্লা ক্যানিংয়ের একটি আবাসিক লজে উঠেছিল। অভিযোগ সেখানে ওই বধূকে ধর্ষণ করে খুন করে। পরে গোটা ঘটনা ধামাচাপা দেওয়ার জন্য লজ থেকে বের করে স্থানীয় এক চিকিৎসা কেন্দ্রে বধূর মৃতদেহ ফেলে রেখে পালিয়ে যায় মহসিন।

## হরিপালে সেভ ড্রাইভ


# সেফ লাইফ কর্মসূচি পালন



**হরিপাল, হুগলি : নিউজ সারাদিন** : আজ হরিপাল থানার গজার মোড়ে অহল্যাবাই রোডের উপরে হরিপাল থানার পক্ষ থেকে সেভ ড্রাইভ সেফ লাইফ কর্মসূচি পালন করা হলো। এই কর্মসূচি হরিপাল থানার পুলিশ আধিকারিক নিশাদ আহমেদের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়। বিনা হেলমেটে গাড়ি চালানোর বিপদের কথা স্মরণ করিয়ে দিয়ে পথ চলতি মানুষকে বোঝানো হয়। এছাড়াও ট্রাফিক আইন মেনে গাড়ি চালানোর সুবিধা এবং গাড়ির গতি নিয়ন্ত্রণ রেখে গাড়ি চালাতে পরামর্শ দেয়া হয়। এলাকার মানুষ পুলিশের এই ভূমিকার প্রশংসা করেন।

## কাশ্মীরে অস্ত্রধারীদের হামলায়

# সেনা কর্মকর্তা নিহত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : কাশ্মীরের কিশতওয়ার জেলায় অস্ত্রধারীদের সঙ্গে সংঘর্ষে ভারতীয় সেনাবাহিনীর এক কর্মকর্তা নিহত হয়েছেন। এই ঘটনায় আরও তিনজন সেনা সদস্য আহত হয়েছেন। শনিবার কিশতওয়ারের ভারত রিজ এলাকায় অস্ত্রধারীদের বিরুদ্ধে যৌথ

এরপর ৪ পাতায়




# ভয়ঙ্কর ঘটনা, ইউনূস সরকারের উপদেষ্টা পদ পেল হিযবুত তাহরীর জঙ্গি!




**ঢাকা: নিউজ সারাদিন** : মোল্লা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসাবে দায়িত্ব নিচ্ছেন নিষিদ্ধ জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর শীর্ষ নেতা মাহফুজ আলম এবং পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআইয়ের 'চর' হিসাবে পরিচিত চলচ্চিত্র পরিচালক মোস্তফা সারোয়ার ফারুকী।শেখ হাসিনা সরকারের পতনের পরেই কোটা সংস্কার আন্দোলনের মাস্টারমাইন্ড তথা জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর শীর্ষ নেতা মাহফুজ আলমকে নিজের বিশেষ সহকারী হিসাবে নিয়োগ করেন একাত্তরে মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনীর দোসর হিসাবে কাজ করা মুহাম্মদ ইউনূস। এমনকি জাতিসঙ্ঘের অধিবেশনে যোগ দিতে গিয়ে নিউ ইয়র্কে এক অনুষ্ঠানে মাহফুজকে শেখ হাসিনাকে ক্ষমতা থেকে হঠানোর ষড়যন্ত্রের মূল মাস্টারমাইন্ড হিসাবে পরিচয়ও করে দিয়েছিলেন। ৫ অগস্টের পর থেকে শেখ হাসিনা ও বঙ্গবন্ধুকে লাগাতার অশালীন ভাষায় গালিগালাজ দিয়ে গিয়েছেন 'রাজাকার' পরিবারের সন্তান তথা পাকিস্তানি চর মোস্তফা সারোয়ার ফারুকী। দুজনকেই উপদেষ্টা পদে বসিয়ে পুরস্কৃত করা হল।এছাড়াও উপদেষ্টা হিসাবে দায়িত্ব পাচ্ছেন জামায়াত ইসলামীর শীর্ষ নেতা চিকিৎসক সায়েদুর রহমান ও দেশের কুখ্যাত মাদক সম্রাট তথা আকিজ-বশির গ্রুপের কর্ণধার শেখ বসিরউদ্দিন। আজ রবিবার (১০ নভেম্বর) সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের কাছে শপথ নেবেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টার দায়িত্ব পেলেন হিযবুত তাহরী জঙ্গি মাহফুজ আলম-মোস্তফা ফারুকী সারোয়ারচার উপদেষ্টা।জুলাই-অগস্টে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রীর পদ থেকে হঠাতে যে লোক দেখানো কোটা সংস্কার আন্দোলন সংগঠিত হয়েছিল, তার মাস্টারমাইন্ড ছিলেন জামায়াত ইসলামীর ছাত্র সংগঠন ছাত্র শিবিরের প্রাক্তন নেতা তথা জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর শীর্ষ নেতা মাহফুজ আলম। মার্কিন গুপ্তচর সংস্থা সিআইএ এবং পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের মদতপুষ্ঠ ওই আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন কট্টর ভারত ও হিন্দু বিরোধী হিসাবে পরিচিত চলচ্চিত্র পরিচালক মোস্তপা সারোয়ার ফারুকী। গণ আন্দোলনের সময়ে শেখ হাসিনাকে খুন করতে পাকিস্তানের করাচি তেকে আসা দুই কিলারকে নিজের বাড়িতে আশ্রয় দেওয়ার অভিযোগ উঠেছে আইএসআই চর ফারুকীর বিরুদ্ধে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ৩০৩ সংখ্যা ১১ নভেম্বর, ২০২৪ সোমবার ২৫ কার্ত্তিক, ১৪৩১

## দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট ট্রাম্প

### 'বিতর্কিত পদক্ষেপ' নিলে কী করবে পেন্টাগন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথম মেয়াদে পাগলাটে ও বিতর্কিত সিদ্ধান্ত গ্রহণকারী হিসেবে পরিচিত রিপাবলিকান নেতা ডোনাল্ড ট্রাম্প আবারও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। ধারণা করা হচ্ছে, দ্বিতীয় মেয়াদেও ট্রাম্প কিছু চাঞ্চল্যকর সিদ্ধান্ত নিতে পারেন, যা যুক্তরাষ্ট্রের সামরিক এবং প্রশাসনিক ব্যবস্থাকে প্রভাবিত করবে। এমন পরিস্থিতিতে নিজেদের করণীয় নির্ধারণে বিশেষ বৈঠকের আয়োজন করেছে মার্কিন সামরিক কর্মকর্তারা। সিএনএন-এর প্রতিবেদন অনুযায়ী, নতুন মেয়াদে ট্রাম্প অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা এবং অভিবাসী বিতাড়নে সেনাবাহিনী মোতায়েনের আদেশ দিতে পারেন। এ ছাড়া সরকারি কর্মচারী ছাঁটাই এবং তার প্রশাসনে অনুগত কর্মী নিয়োগের পরিকল্পনারও ইঙ্গিত দিয়েছেন তিনি।

প্রথম মেয়াদে ট্রাম্পের সঙ্গে ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তাদের সম্পর্ক ছিল বেশ তিক্ত। বিশেষ করে অবসরপ্রাপ্ত জেনারেল মার্ক মিলি, যিনি পারমাণবিক অস্ত্র ব্যবহারে ট্রাম্পের ক্ষমতা কমানোর উদ্যোগ নিয়েছিলেন। ট্রাম্প প্রায়শই সামরিক কর্মকর্তাদের অযোগ্য বলে সমালোচনা করেছেন।

দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর প্রতিরক্ষা দপ্তর পেন্টাগনে পুনর্গঠনের প্রস্তুতি শুরু হয়েছে। প্রতিরক্ষা বিভাগের এক কর্মকর্তা জানান, তারা সম্ভাব্য খারাপ পরিস্থিতি বিবেচনায় প্রস্তুতি নিচ্ছেন। তবে এই প্রস্তুতির কার্যকারিতা কেমন হবে তা এখনো নিশ্চিত নয়। পেন্টাগনে প্রশ্ন উঠেছে, ট্রাম্প যদি কোনো বেআইনি আদেশ দেন তবে সেনাবাহিনীর প্রতিক্রিয়া কেমন হবে। আইন অনুযায়ী, সেনারা বেআইনি আদেশ অমান্য করতে পারে। তবে এরপর কী ঘটবে, সে ব্যাপারে সুনির্দিষ্ট পরিকল্পনা স্পষ্ট নয়।

কাদেরকে পেন্টাগনের নেতৃত্বে আনা হবে তা স্পষ্ট নয়। তবে কর্মকর্তারা আশা করছেন, ট্রাম্প এবং তার নিয়োগপ্রাপ্তরা সামরিক কর্মকর্তাদের সঙ্গে বৈরী সম্পর্ক এড়ানোর চেষ্টা করবেন, যা প্রথম মেয়াদে দেখা গিয়েছিল।

ট্রাম্পের প্রথম মেয়াদে দায়িত্ব পালনকারী সাবেক প্রতিরক্ষা কর্মকর্তারা জানিয়েছেন, হোয়াইট হাউস এবং প্রতিরক্ষা দপ্তরের সম্পর্ক ছিল কঠিন। এখন পেন্টাগনের সবচেয়ে বড় প্রশ্ন হলো, নতুন প্রশাসন কিভাবে প্রতিরক্ষা বিভাগে কর্মী নিয়োগ করবে।

## সম্পাদকীয়

### ফের উত্তপ্ত কাশ্মীর, জঙ্গিদের সঙ্গে বন্দুক যুদ্ধ , নিহত জওয়ান

জম্মু ও কাশ্মীরের কিশতওয়ারে শুরু হয়েছে এনকাউন্টার। রবিবার সকাল থেকেই সন্ত্রাস বিরোধী অভিযান শুরু করে ভারতীয় সেনাবাহিনী। তখনই চলতে থাকে দুই পক্ষের মধ্যে এনকাউন্টার। আর তাতে প্রাণ হারালেন একজন সেনা জওয়ান। জখম হয়েছেন তিন জন জওয়ান। উল্লেখ্য, গত কয়েকদিন ধরে জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসের ঘটনা ক্রমাগত বেড়েই চলেছে। । শনিবার পুলিশ এবং নিরাপত্তা বাহিনীর যৌথ অভিযানে বারামুলায় এক জঙ্গি নিহত হয়েছে। লাগাতার এই হামলা প্রসঙ্গে মুখ খুলেছেন ন্যাশনাল কনফারেন্স প্রধান ফারুক আবদুল্লাহ। তিনি সাংবাদিক সম্মেলন করে জানিয়েছেন, 'হামলাকারীদের ধরতে হবে তাহলেই আমরা জানতে পারব এই সন্ত্রাসীদের পেছনে কারা রয়েছে। এটা নিয়ে তদন্ত করা উচিত।' বলা বাহুল্য, সম্প্রতি জম্মু- কাশ্মীরে হয়েছে বিধানসভা নির্বাচন। আর সেই নির্বাচন শেষ হতে না হতেই উত্তপ্ত হয়ে উঠেছে ভূস্বর্গ। তাতেই বাড়ছে উদ্বেগ।এই প্রসঙ্গে সেনা বাহিনীর তরফে জানান হয়েছে, 'এদিন গোয়েন্দা সূত্রে জঙ্গিদের উপস্থিতি সম্পর্কে তথ্য পেয়ে নিরাপত্তা বাহিনী কিশতওয়ারে অভিযান শুরু করে।

এইসময় চলে বন্দুক যুদ্ধ। প্রথমে চার সেনা সদস্য আহত হয়েছিলেন। তাদের হাসপাতালে স্থানান্তরিত করা হয়ে আর সেখানেই প্রাণ হারান এই জওয়ান। নিহত জওয়ান হলেন রাকেশ কুমার। এই শোকের মুহূর্তে আমরা শোকসন্তপ্ত পরিবারের পাশে রয়েছি।' অন্যদিকে এদিন সকাল থেকেই শ্রীনগরের হারওয়ানে রবিবার সকাল ৯টা নাগাদ অপর একটি এনকাউন্টার শুরু হয়। তবে তাতে এখন পর্যন্ত কোন প্রাণহানির খবর পাওয়া যায়নি।

# দেবী মহিষাসুরমর্দ্দিনী



মৃত্যুঞ্জয় সরদার

(ষষ্ঠ পর্ব)



এক বার শূদ্র ও নারীদের মিছিল দেখে ভয় পেয়েছিলেন দেবরাজ ইন্দ্র। তিনি দেবী দুর্গার শরণ নিলে বিঘ্নেশ্বর গণেশকে সৃষ্টি করা হয়। পরবর্তীকালে ভারতীয় পুরাণের বহু পথ পেরিয়ে সেই গণেশ হয়ে ওঠেন বিঘ্ননাশক। শাস্ত্রে তাই তিনি দ্বিদেহক। তাঁর দুই স্ত্রী = ঋদ্ধি ও সিদ্ধি। গণেশের ভ্রাতা দেবসেনাপতি কার্তিকেয়। কোথাও তিনি মহাদেবের পুত্র, তাই পার্বতীরও সন্তান। আবার কোথাও অগ্নির পুত্র, তাঁর নাম স্কন্দ। কখনও তাঁর মাতা গঙ্গা বা স্বাহা; কখনও হিমালয়, কাঞ্চনকুণ্ড কিংবা ছয় কৃত্তিকা। বেশ জটিল বিষয়। মহাভারতে আছে, স্কন্দ বা কার্তিকেয় হলেন সহস্রশীর্ষ, অনন্তরূপ, ঋতস্য কর্তা ও সনাতনানামপি শাশ্বত - যে শব্দগুলি পরমব্রহ্মেরই বাচক। কার্তিক বা স্কন্দ শুধু তারকাসুরকে নয়, মহিষাসুরকেও বধ করেছিলেন। দেবতা 'শ্রী' হলেন লক্ষ্মী - সর্ববিধ ঐশ্বর্যের অধিষ্ঠাত্রী। তিনিই সম্পদ, শুভ আদর্শ। সরস্বতী বাক্যের অধিষ্ঠাত্রী, তিনি বিদ্যার দেবী। চার বিদ্যা - আন্বীক্ষিকী (যুক্তিশাস্ত্র), ত্রয়ী (তিন বেদ), বার্তা (অর্থবিদ্যা) ও দণ্ডনীতি (রাজনীতি)। তাঁর কাছেও প্রণত হন ভক্তকুল। তিনিই রাজনীতির সৃষ্টি করেছিলেন - 'সসৃজে দণ্ডনীতিং সা ত্রিষু লোকেষু বিশ্রুতা' (শান্তিপর্ব)। সেই কারনে মহাভারত পেরিয়ে বাংলার কৃত্তিবাসী রামায়ণের হাত ধরে দেবীর অকাল বোধন হয় শরৎকালে। ঘুম ভাঙানো হয় সবার। দেবী দুর্গা আসেন ভক্তদের উদ্ধার করতে। ভক্ত কখনও যুধিষ্ঠির, কখনও অর্জুন, কখনও রামচন্দ্র, আবার কখনও স্বয়ং ভগবান। 'দুর্গা' কথাটি 'দুর্গ' শব্দের স্ত্রীলিঙ্গ। যেখানে সহজে শত্রু প্রবেশ করতে পারে না, তাই দুর্গ। দুর্গ আবার রাষ্ট্রের সপ্তাঙ্গের অন্যতম। দুর্গ মানে হল অশক্যগমন বা অসাধ্যগমন। সত্যি কি দেবী দুর্গা করোনাভাইরাস কে সঙ্গে নিয়ে গমন করতে চলেছে পৃথিবীতে ,এমন ইঙ্গিত দুর্গার আরদ্ধ ভক্তবৃন্দদের মুখ থেকে শোনা যাচ্ছে ।বিশ্বব্রহ্মাণ্ডের মালিক তিনি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ট্রুডোর মন্তব্যে ভারতের কপালে ভাঁজ?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডায় খালিস্তান সমর্থকদের উপস্থিতির কথা স্বীকার করেছেন দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। তবে তিনি এও বলেছেন, তারা সামগ্রিকভাবে শিখ সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করেন না।

খালিস্তানপন্থি নেতা হরদীপ সিং নিজ্জর হত্যাকাণ্ড নিয়ে ভারতের সঙ্গে চলমান কূটনৈতিক বিরোধের মধ্যে সম্প্রতি অটোয়ার পার্লামেন্ট হিলে দীপাবলি উদযাপনের সময় তিনি এ মন্তব্য করেন। ট্রুডো বলেন, “কানাডায় খালিস্তান সমর্থক অনেকে থাকলেও তারা যেমন সামগ্রিকভাবে শিখ সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করেন না; তেমনভাবে কানাডায় প্রধানমন্ত্রী (নরেন্দ্র) মোদী সরকারের সমর্থক থাকলেও তারা সব কানাডীয় হিন্দুর প্রতিনিধিত্ব করেন না।” সাম্প্রতিক সময়ে ভারত-কানাডা সম্পর্কের ক্রমে 'অবনতি' হয়েছে। ট্রুডোর কথায়, “কানাডায় অনেক খালিস্তানপন্থী আছেন। তবে সামগ্রিক ভাবে শিখ সম্প্রদায় বলতে সেটি বোঝায় না। মোদী সরকারেরও অনেক সমর্থক রয়েছেন কানাডায়। কিন্তু তারা সার্বিক ভাবে কানাডায় বসবাসকারী হিন্দুদের প্রতিনিধিত্ব করেন না।” প্রসঙ্গত, গত সোমবারেই কানাডার পার্লামেন্টে ট্রুডো বলেছিলেন, 'খালিস্তানি বিচ্ছিন্নতাবাদীরা কানাডায় শিখদের প্রতিনিধিত্ব করেন না।' ওই মন্তব্যের পর দীপাবলির অনুষ্ঠানে আবারও সেই বার্তাই দেওয়ার চেষ্টা করলেন ট্রুডো। একই সঙ্গে তিনি স্বীকার করে নিয়েছেন অনেক খলিস্তানপন্থীই কানাডায় রয়েছেন।

তবে দিল্লির সঙ্গে কানাডায় কূটনৈতিক সম্পর্কের যে টানাপড়েন চলছে, সেটিরও একটি প্রচ্ছন্ন বার্তা উঠে এসেছে ট্রুডোর গলায়। তিনি বোঝানোর চেষ্টা করেছেন, কানাডায় বসবাসকারী সকল হিন্দু মোদীর সরকারের সমর্থক নন। উল্লেখ্য, কানাডার সঙ্গে ভারতের কূটনৈতিক সম্পর্ক সাম্প্রতিক কালে বেশ টলমল পরিস্থিতিতে রয়েছে। খালিস্তানিপন্থী নেতা হরদীপ সিংহ নিজ্জরের হত্যার পর থেকেই কানাডা এবং ভারতের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের অবনতি ঘটেছে। নিজ্জর হত্যাকাণ্ডে ভারতের 'ভূমিকা' রয়েছে বলে অভিযোগ করেছিলেন ট্রুডো। যদিও ভারত তা শুরু থেকেই অস্বীকার করে আসছে।

৩ পাতার পর

# কাশ্মীরে অস্ত্রধারীদের হামলায় সেনা কর্মকর্তা নিহত

অভিযানে নেতৃত্ব দিচ্ছিলেন ১৬ কর্পসের জুনিয়র কমিশন্ড অফিসার (জেসিও) নাইব সুবেদার রাকেশ কুমার। অভিযানের সময় তিনি অস্ত্রধারীদের সঙ্গে সংঘাতে নিহত হন। সেনাবাহিনীর ১৬ কর্পসের প্রকাশিত এক পোস্টে এই তথ্য জানানো হয়। নাইব সুবেদার রাকেশ কুমার ছিলেন ২ প্যারা (এসএফ) বাহিনীর সদস্য। এই ঘটনায় তিনজন সেনা সদস্য আহত হয়েছেন, তাদের চিকিৎসা চলছে।

৩ পাতার পর

# চাঁপদানী পৌরসভার পলতা ঘাটে জগদ্ধাত্রী মাতার মন্দিরে পালিত হচ্ছে সম্প্রীতির জগদ্ধাত্রী পূজা

আমাদের কাউন্সিলররা সবাই নিজের থেকে জগদ্ধাত্রী মায়ের পূজায় দান দিয়ে যান। বেনারসিতে সাঁজিয়ে তোলা হয় মাকে। কয়েকশত শাড়ি পরেন তিনি, এই বছরেও ঘটেনি তার ব্যতিক্রম। পৌর প্রধান সুরেশ মিশ্রা বলেন প্রতিবছরই চতুর্থী, পঞ্চমীর দিনে মাকে কাপড় পড়ানো হয়। বহু ভক্ত শাড়ি , রুপোর গহনা, সোনার গহনা, পূজার কাঁসা, পেতলের এবং তামার বাসন দান করেন। এই পূজাতে প্রতিবছর মায়ের পরনের শাড়ি যা মাকে পড়ানো হয় তা বছরের বিশেষ সময়ে দান করে দেওয়া হয়। এছাড়াও মায়ের পরনের বেনারসি কোন গরীব মেয়ের বিয়েতে দান করে দেওয়া হয়। চাঁপদানী পলতা ঘাটে পূজা দেখার জন্য কয়েক হাজার মানুষের ভিড় জমে যায় মন্দির প্রাঙ্গণে। চাঁপদানী পৌরসভায় হিন্দু এবং মুসলিম সম্প্রদায়ের মানুষের বসবাস রয়েছে। হিন্দু এবং মুসলিম সম্প্রদায়ের মানুষ একত্রিত হয়ে পূজার সমস্ত কিছু জোগাড় করেন। প্রত্যেক বছর দুই সম্প্রদায়ের মানুষ একসঙ্গে জগদ্ধাত্রী পূজার আনন্দে মেতে ওঠেন। এই সম্প্রীতির জগদ্ধাত্রী পুজো দেখতে দূর দূরান্ত থেকে মানুষজন এখানে এসে উপস্থিত হন।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কোজাগরী লক্ষ্মী পূজার ইতিহাস বহু দেশের রীতি রেওয়াজ বহু রুপরেখা দিয়ে, কিন্তু মূল আরধনা ধনসম্পত্তি দিকে।

কিভাবে হয় এই কোজাগরী লক্ষ্মীপূজা? আশ্বিন মাসের পূর্ণিমা তিথিতে অর্থাৎ কোজাগরী পূর্ণিমায় দেবী লক্ষ্মীর আরাধনা করা হয়। অবনীন্দ্রনাথ ঠাকুর 'বাংলার ব্রত' বইতে এই লক্ষ্মীপূজা সম্পর্কে বিস্তৃত আলোচনা করেছেন। সেখানে তিনি জানান, দেবীর কাছে ভালো ফলনের কামনা করাই আসলে এই পূজার নৃতাত্ত্বিক কারণ।

ক্রমশঃ

## সতর্কীকরণ

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর
cinema TV

## ফের বিয়ে করলেন সানি-ড্যানিয়েল দম্পতি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বিয়ের ১৩ বছর পার করার পর ফের বিয়ে করলেন প্রাক্তন নীল সিনেমার জগতের তারকা ও অভিনেত্রী সানি লিওন। মালদ্বীপে উড়ে গিয়ে সমুদ্র সৈকতে সাজানো বিয়ের আসরে ড্যানিয়েলের গলাতেই আবারো মালা দিলেন তিনি। সানির এই বিয়েতে তার পাশে ছিল তিন সন্তান নিশা, নোয়া ও আশের। সোমবার (৪ নভেম্বর) এক প্রতিবেদনে এই খবর প্রকাশ করেছে টাইমস অব ইন্ডিয়া। এতে বলা হয়, নতুন কোনো পুরুষ সানির জীবনে আসেনি। নতুন কাউকে অভিনেত্রী বিয়ে করেননি। স্বামী ডয়ানিয়েল ওয়েবারের সঙ্গেই ফের বিয়ের বন্ধনে নিজেকে বেঁধে নিয়েছেন তিনি। প্রতিবেদনে আরো বলা হয়, ২০১১ সালে ড্যানিয়েল ওয়েবারের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিলেন সানি লিওন। বিবাহের ১৩ বছর অতিবাহিত হওয়ার পর গত ৩১ অক্টোবর মালদ্বীপে স্বামীর সঙ্গে তারা বিবাহের প্রতিশ্রুতি নবায়ন করেছেন। এ সময় তাদের সঙ্গে উপস্থিত ছিল তিন সন্তান নিশা, নোয়া ও আশের।

সানি ও ড্যানিয়েল দুজনেই চাইছিলেন তাদের সন্তানরা একটু বড় হলে, নতুন করে বিয়ে করবেন। সন্তানদের বিয়ে সম্পর্কে গুরুত্ব বোঝানোর লক্ষ্যেই এমনটা করার ইচ্ছে ছিল দুজনের। সে কারণেই প্রথম বিয়ের ১৩ বছর পর ফের বিয়ে করলেন সানি ও ড্যানিয়েল। মালদ্বীপের সৈকতে সেজে উঠেছিল তাদের বিয়ে আসর।

মালদ্বীপে এই আয়োজন করার কারণ হিসেবে প্রতিবেদনে বলা হয়েছে, সানি লিওন দম্পতির অবকাশ যাপনের জন্য পছন্দের জায়গাগুলোর একটি হলো মালদ্বীপ। তাই তারা এই দিনটি স্মরণীয় করে রাখার জন্য মালদ্বীপকে বেঁছে নিয়েছে।

ব্যক্তিগত জীবন নিয়ে খুব একটা মুখ খোলেন না অভিনেত্রী। তবে এবার প্রথম নিজের পুরোনো প্রেম নিয়ে মুখ খুললেন। ড্যানিয়েলের সঙ্গে বিয়ের আগে জনপ্রিয় স্ট্যান্ড আপ কমেডিয়ান রাসেল পিটার্সের সঙ্গে প্রেম করতেন সানি। ব্রেকআপেরও পরেও সানিকে নিয়ে নিজের শোতে নানারকম ঠাট্টা করতেন রাসেল। সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানালেন, 'আমাদের দিনগুলো খুবই সুন্দর ছিল। সুখেই ছিলাম আমরা। কিন্তু হঠাৎ বুঝতে পারি, রাসেল আমাকে খুব একটা গুরুত্ব দেয় না। তাই এই সম্পর্ক থেকে সরে দাঁড়াই।'

সানি আরো বলেন, 'আমাকে নিয়ে শোতে যে ঠাট্টা করে, তাতে যদি তার উন্নতি হয়, তাহলে ভালো। সবাই যদি হাসে সেটাও ভাল। আমার এসবে কিছু যায় আসে না।' বহু বছর আগেই পর্ন দুনিয়া থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন সানি। তবুও নীল ছবির ট্যাগ যেন তার শরীর থেকে সরছে না। মাঝেমধ্যেই অতীত যেন তাড়া করছে অভিনেত্রীকে। সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিনেত্রীর গলায় যেন মিশে গেল একরাশ অভিমান। তিনি স্পষ্ট জানালেন, তার মা এখনো তাকে ঘৃণা করেন! মার্কিন এক সংবাদমাধ্যমকে দেয়া এক সাক্ষাৎকারে এই অভিনেত্রী বলেন, 'আমার আসল নাম করণজিৎ কউর। কিন্তু যখন পর্ন দুনিয়াতে পা রাখি তখন আমাকে একটা আকর্ষণীয় নাম রাখতে বলা হয়। আমি আমার ভাইয়ের নাম ধার নিই। তারপরই আমার নাম হয়ে যায় সানি লিওন। এ ঘটনার পর থেকেই আমার মা আমাকে সহ্য করতে পারেন না। বলা যায়, আমাকে এক প্রকার ঘৃণাই করেন।



# কেন এতো হুমকি পাচ্ছেন সালমান খান?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নিস্তার নেই সালমান খানের। আবারও ফোনে হুমকি দেয়া হল তাকে। এবার এক সপ্তাহের মধ্যে দু'বার হুমকি পেলেন এই বলিউড অভিনেতা। সোমবার রাতে মুম্বাই পুলিশের কন্ট্রোল রুমে গ্যাংস্টার লরেন্সবিষ্ণোইয়ের ভাই আনমোলের নাম করে হোয়াটস্অ্যাপে ফোন এই হুমকিবার্তা এসেছে বলে জানিয়েছে ভারতীয় গণমাধ্যম। তবে শেষ পর্যন্ত গ্রেফতার করা হল ৫ কোটি টাকা চেয়ে হুমকি দেওয়া বছর ৩৫-এর যুবককে।

ফোনে বলা হয়, "লরেন্সের ভাই বলছি, সালমান খানকে যদি বাঁচাতে চান, তবে আমাদের মন্দিরে গিয়ে ক্ষমাপ্রার্থনা করুন। আর যদি তা না করেন, তা হলে পাঁচ কোটি টাকা দিতে হবে। দু'টির কোনটিই যদি না করেন, তবে সালমানকে হত্যা করা হবে। আমাদের গ্যাং এখনও নজর রাখছে।" যদিও পরে জানা যায়, এই ব্যক্তি লরেন্স বিষ্ণোইয়ের ভাই আনমোল নন। ওই যুবকের নাম বিক্রম। কর্নাটকের বাসিন্দা। পেশা অবশ্য জানা যায়নি। জিজ্ঞাসাবাদের জন্য মুম্বাই নিয়ে আসা হচ্ছে বিক্রমকে। তবে পাঁচ কোটি চেয়ে এই প্রথম নয়, হুমকিবার্তা আগেও এসেছে। গত ১৮ অক্টোবর মুম্বাই ট্র্যাফিক পুলিশের হোয়াট্সঅ্যাপ নম্বরে লরেন্স বিষ্ণোইয়ের নাম করে একটি হুমকিবার্তা আসে। বলা হয়, সালমান খানকে অবিলম্বে ৫ কোটি টাকা দিতে হবে। না হলে এনসিপি নেতা বাবা সিদ্দিকির থেকেও করুণ পরিণতি হবে তার। এর পরই নড়েচড়ে বসে মুম্বাই পুলিশ। তদন্তে নেমে পুলিশ জামশেদপুর থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করে। অভিযোগ, বিষ্ণোইয়ের নাম করে সে-ও সালমানকে হুমকি দিয়েছিল! এই একই কায়দায় হুমকি পাঠিয়েছে কর্নাটকের বিক্রমও। দেশের বিভিন্ন প্রান্ত থেকে হুমকিবার্তা আসছে সালমানের কাছে। তবে ভয় পেয়ে নিজেকে গৃহবন্দি রাখেননি সলমন। সিনেমা থেকে বিজ্ঞাপন কিংবা রিয়্যালিটি শো; সবকিছুরই শুটিং করছেন অভিনেতা।

# শাহরুখের কাছে ক্ষমা চাইলেন 'কেজিএফ' ছবির পরিচালক!





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২০২৩ সালের ক্রিসমাসের আবহে প্রভাস অভিনীত ছবি 'সালার' মুক্তি পেয়েছিল বড়পর্দায়। বক্স অফিসে ঝড় তুলেছিল সেই ছবি। প্রভাসের টলমল হওয়া কেরিয়ারকে শক্ত পায়ে দাঁড়াতে দারুণ সাহায্য করেছিল 'সালার'।

একই সময়ে মুক্তি পেয়েছিল রাজকুমার হিরানি পরিচালিত ছবি 'ডাঙ্কি', যে ছবির নায়ক ছিলেন বলিউড কিং শাহরুখ খান। দু'টি ছবি একই দিনে মুক্তি পাওয়াতে বক্স অফিসে ব্যবসা ভাগ হওয়ার পাশাপাশি ঠান্ডা যুদ্ধ শুরু হয়েছিল শাহরুখ এবং প্রভাসের অনুরাগীদের মধ্যেও।


সালার ছবির পরিচালক প্রশান্ত নীল ক্ষমা চাইলেন শাহরুখ খানের কাছে। ক্ষমাপ্রার্থনা করলেন পরিচালক রাজকুমার হিরানির কাছেও।

সম্প্রতি এ প্রসঙ্গে পরিচালক প্রশান্ত নীল এক সাক্ষাৎকার দিয়েছেন। যেখানে শাহরুখ খানের কাছে ক্ষমা চেয়েছেন তিনি। সাক্ষাৎকারে পরিচালক বলেন, 'এক বছর আগে থেকেই মুক্তির তারিখ ঘোষণা করে রেখেছিল 'ডাঙ্কি'। রাজু স্যার শাহরুখ স্যারের মতো মানুষ আমাদের ইন্ডাস্ট্রির মুখ।'

ডাঙ্কির পুরো টিমের কাছে ক্ষমা চাইছি উল্লেখ করে বলেন, 'আমি ডাঙ্কির গোটা টিমের কাছে ক্ষমা চাইছি। আমরা সত্যিই চাইনি একই দিনে এরকম কিছু হোক।'

এরপর বলেন, 'যদি কোনো সংস্থা অথবা ব্যক্তি তাদের ছবি মুক্তির কথা ঘোষণা করে রাখে তাহলে পরে এসে সেই তারিখেই ভাগ বসানো মোটেই ঠিক কথা নয়। সমর্থনযোগ্য নয়। কিন্তু আমাদের কাছে ওইদিন সালারকে বড়পর্দায় নিয়ে আশা ছাড়া অন্য কোনো উপায় ছিল না। কারণ জ্যোতিষী আমাদের জানিয়েছিলেন ওই তারিখটি আমাদের ছবির মুক্তি পাওয়ার দিন হিসাবে অত্যন্ত শুভ।'

# কোহলিকে যা বললেন আনুশকা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ডান হাতে পুত্র অকায়। বাঁ হাতে কন্যা ভামিকা। পুত্র ও কন্যাকে কোলে নিয়ে রাস্তায় হাঁটছেন বিরাট কোহলি। মুখে চওড়া হাসি। মঙ্গলবার কোহলির ৩৬তম জন্মদিনে এই ছবি সামাজিকমাধ্যমে পোস্ট করে তাকে শুভেচ্ছা জানিয়েছেন স্ত্রী আনুশকা শর্মা। দিয়েছেন ভালোবাসার ইমোজি। তবে শুধু সেখানেই শেষ নয়। এই ছবির নেপথ্যে বাজছে একটি গান। আর সেই গানেই কঠিন সময়ে বিরাটের পাশে থাকার বার্তা দিয়েছেন আনুশকা।

গত বছর ঘরের মাঠে এক দিনের বিশ্বকাপে শেষ বার শতরান করেছিলেন বিরাট। তার পর থেকে ব্যাটে রান নেই তার। বাংলাদেশ ও নিউজিল্যান্ডের বিরুদ্ধেও তিনি ব্যর্থ। এমন সব শট খেলে আউট হচ্ছেন যে তার টেকনিক ও মানসিকতা নিয়ে প্রশ্ন উঠে যাচ্ছে। কোচ গৌতম গম্ভীর ও অধিনায়ক রোহিত শর্মা পাশে থাকলেও সমালোচনা কমছে না। এই পরিস্থিতিতে সামনে কঠিন সফর। অস্ট্রেলিয়ায় ব্যর্থ হলে হয়তো লাল বলের ক্রিকেট ক্যারিয়ারও শেষ হয়ে যেতে পারে কোহলির।

ক্যারিয়ারে কঠিন সময়ে বিরাটকে অনুপ্রেরণা দিতে সেই অস্ট্রেলিয়ারই একটি ব্যান্ডের গান ব্যবহার করেছেন আনুশকা। অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডের একটি লোকসঙ্গীতের ব্যান্ড 'হলো কোভস'। সেই ব্যান্ডেরই গান 'ব্লেসিংস'। ব্যান্ডের দুই সদস্য রায়ান হেন্ডারসন ও ম্যাট ক্যারিনস এই গান লিখেছেন ও গেয়েছেন। গানের মূল বিষয় ভালোবাসা ও আশীর্বাদ। আনুশকা হয়তো বোঝাতে চেয়েছেন, ভালোবাসার মানুষের পাশে রয়েছেন তিনি। এই কঠিন সময়ও কেটে যাবে।

গানের কয়েকটি লাইন থেকেই বিষয়টি পরিষ্কার। সেখানে বলা হচ্ছে, 'চোখ খুলে দেখো। তোমার চারদিকে মানুষের আশীর্বাদ রয়েছে। যে সূর্যের আলো তোমার উপর পড়ছে তাকে অনুভব করো। নিজের মনকে মুক্ত করো। বাইরে বের হও। এই আলোতে নিজের মনকে আলোকিত করো। ওরা বলে, ভালোবাসার মানুষের হাত ধরে থাকো। তাকে নিজের কাছে রাখো। ওরা বলে, এই সময়টাকে ধরে রাখো। আলোয় উদ্ভাসিত হোক চারদিক।" বোঝাই যাচ্ছে, অনুশকা কোহলির আত্মবিশ্বাস ও মনোবল বৃদ্ধি করার চেষ্টা করেছেন। তাকে সামনের দিকে তাকাতে বলেছেন। এই সময়ে পাশে থাকার বার্তা দিয়েছেন।

ঘরের মাঠে নিউজিল্যান্ডের কাছে সিরিজে হোয়াইটওয়াশ হয়েছে ভারত। এই লজ্জার হারের ফলে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় পিছিয়ে পড়েছে তারা। খারাপ ফলের জন্য দলের সিনিয়র ক্রিকেটারদের দিকে আঙুল উঠছে। তবে অস্ট্রেলিয়ায় যদি ভারত সিরিজ জিততে পারে তা হলে এই সমালোচনা অনেকটাই কমে যাবে। আনুশকা সেটা জানেন। তিনি জানেন, বিরাট রানে ফিরলেই ছবিটা বদলে যাবে। তাই ভয় না পেয়ে বিরাটকে এগিয়ে যাওয়ার বার্তা দিয়েছেন তিনি। অস্ট্রেলিয়া সফরের আগে তিনি ব্যবহার করেছেন অসি ব্যান্ডের গানই।

# সুশান্ত রাজপুতের মৃত্যু নিয়ে নতুন রহস্য



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** গত দিন কয়েক ধরেই প্রচারের আলো ছিনিয়ে নিয়েছেন সালমান খানের সাবেক প্রেমিকা সোমি আলি। প্রায় দুই দশক পেরিয়ে গিয়েছে সালমানের সঙ্গে প্রেম ভেঙেছে তার। মাঝে একটা সময় বিদেশেই ছিলেন। কিন্তু দেশে ফিরেই কখনও সালমানের বিরুদ্ধে অভিযোগ তুলছেন, কখনও আবার সাবেক প্রেমিকের পক্ষ নিচ্ছেন। এ বার অবশ্য সোমি প্রকাশ্য আনলেন অন্য এক তথ্য। তিনি দাবি করেছেন, অভিনেতা সুশান্ত সিং রাজপুতকে খুন করা হয়েছে, তিনি আত্মহত্যা করেননি। তার ময়নাতদন্তের রিপোর্ট বদলে ফেলা হয়েছে। তাতে সাহায্য করেছেন এমসের ময়নাতদন্ত বিভাগের সভাপতি চিকিৎসকর সুধীর গুপ্ত। তিনি নাকি সবটা জানেন।

সম্প্রতি অনুরাগীদের সঙ্গে 'আস্ক মি এনিথিং সেশন' অর্থাৎ অনুরাগীদের সঙ্গে প্রশ্ন উত্তর খেলায় মাতেন তিনি। সেখানে একজন তাকে জিজ্ঞেস করেন সুশান্ত সিং-এর মৃত্যু নিয়ে তার কী মত। তাতেই সোমি বলেন, "ওকে খুন করে আত্মহত্যা দেখানো হয়েছে। আপনারা এমসের চিকিৎসক সুধীর গুপ্তকে প্রশ্ন করুন না। কে পাল্টে দিল ওর ময়নাতদন্তের রিপোর্ট?"

২০২০ সালে সুশান্তের মৃত্যুর খবর প্রকাশ্যে আসার পর নাকি একটি বোর্ড গঠন হয়। সেখানেই ছয় সদস্যের চিকিৎসক দল অভিনেতার শ্বাসরুদ্ধ হয়ে কিংবা বিষক্রিয়ায় মৃত্যুর এই তত্ত্ব উড়িয়ে দেন সেই সময়। সুধীর গুপ্ত সেই সময় জানিয়েছিলেন, অভিনেতার শরীরে আঘাতের চিহ্ন বা শ্বাসরোধ করে মৃত্যুর কোন রকম চিহ্ন পাননি। এটি আত্মহত্যার ঘটনা। প্রায় চার বছর কেটে গিয়েছে অভিনেতার মৃত্যু হয়েছে। এক সময় অভিনেতার অনুরাগীরা তার মৃত্যুর বিচার চেয়ে পথেও নামেন। তবে সময়ের সঙ্গে সঙ্গে সেই দ্রোহ এখন অনেকটা স্তিমিত। যদিও বিচার অপেক্ষায় এখনও বসে আছেন সুশান্তের বাবা ও বোনেরা।

# 'অস্ট্রেলিয়ায় ভালো না করলে অবসর নিতে পারেন রোহিত'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত জুনে ভারতকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতিয়ে এই সংস্করণ ছেড়েছেন রোহিত শর্মা। ৩৭ বছর বয়সী এই ব্যাটসম্যান এখন শুধু টেস্ট ও ওয়ানডের। অস্ট্রেলিয়া সফর শেষে কি দুটোই থাকবে নাকি একটি? এই প্রশ্ন তুলেছেন ভারতের সাবেক অধিনায়ক কৃষ্ণমাচারি শ্রীকান্ত।

অস্ট্রেলিয়াতেও রোহিতের রানখরা না কাটলে তিনি টেস্ট ছাড়তে পারেন বলে মনে করেন শ্রীকান্ত। কোহলিও রানখরা কাটাতে না পারলে? শ্রীকান্ত মনে করেন, ক্রিকেটের কুলীন এ সংস্করণ থেকে কোহলির সরে দাঁড়ানোর বিষয়ে ভবিষ্যদ্বাণী করা একটু আগেভাগে হয়ে যায়। অর্থাৎ সময়টা এখনো আসেনি।

রোহিতকে নিয়ে শ্রীকান্ত তার ইউটিউব শোতে বলেছেন, '১০০ ভাগ। আপনাকে আগেই ভেবে রাখতে হবে (ভারত যদি অস্ট্রেলিয়ায় ভালো করতে না পারে)। রোহিত শর্মা ভালো করতে না পারলে আমার মনে হয়, সে নিজেই টেস্ট ক্রিকেট থেকে সরে দাঁড়াবে। শুধু ওয়ানডে খেলবে। টি-টোয়েন্টি তো আগেই ছেড়েছে। আমাদের মনে রাখতে হবে, তার বয়স বাড়ছে, কমছে না।'

তবে রোহিত যে টেস্টে রানে ফেরা নিয়ে ভাবছেন, তার একটি ইঙ্গিতও ধরতে পেরেছেন ৬৪ বছর বয়সী শ্রীকান্ত। মুম্বাইয়ে সিরিজের তৃতীয় ও শেষ টেস্ট হারের পর রোহিত ব্যাটসম্যান ও অধিনায়ক হিসেবে নিজের ভুল স্বীকার করেছেন। এটাকেই ইঙ্গিত বলে মনে করে শ্রীকান্তের ভাষ্য, 'রোহিত শর্মার অন্তত কলিজা আছে। গোটা সিরিজে বাজে অধিনায়কত্ব ও খারাপ খেলার ব্যাপারটি স্বীকার করে নেওয়ার জন্য তাকে টুপি খোলা অভিনন্দন। এটা অসাধারণ। কোনো খেলোয়াড়ের ছন্দে ফেরার এটা প্রথম ধাপ। ভুল স্বীকার করা খুব গুরুত্বপূর্ণ। একজন মানুষের এটা অন্যতম গুরুত্বপূর্ণ গুণও। সে সবার সামনে এটা স্বীকার করেছে এবং তার অর্থ হলো ছন্দে ফেরার পথেই আছে। আমি এটাই মনে করি।'

কোহলিকে নিয়ে শ্রীকান্ত বলেছেন, 'আমার মতে, বিরাট কোহলি অস্ট্রেলিয়ায় রান করবে। অস্ট্রেলিয়াই তার জায়গা এবং আমার মতে, এটাই তার শক্তি। কোহলিকে নিয়ে এখন এসব (টেস্ট ছাড়া) কথা একটু আগেভাগেই হয়ে যায়। আমি এটা মানব না। বিরাট কোহলির হাতে অনেক সময় আছে।'

পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ খেলতে অস্ট্রেলিয়া সফরে যাবে ভারত। ২২ নভেম্বর পার্থে শুরু হবে প্রথম টেস্ট।

# পাকিস্তান সিরিজে অস্ট্রেলিয়ার নতুন অধিনায়ক ইংলিস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নেতৃত্বের বিবেচনায় ছিলেন বেশ কজন। তাদের মধ্যে বেছে নেওয়া হলো এমন একজনকে, যার নেতৃত্বের তেমন কোনো অভিজ্ঞতা নেই। পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে অস্ট্রেলিয়াকে নেতৃত্ব দেবেন জশ ইংলিস। তার অধিনায়কত্বের অধ্যায় শুরু হবে অবশ্য এর আগেই। ওয়ানডে সিরিজের শেষ ম্যাচেও দলের ভার থাকবে এই কিপার-ব্যাটসম্যানের কাঁধেই। এই সিরিজের জন্য অস্ট্রেলিয়ার স্কোয়াড ঘোষণা করা হয়েছিল আগেই। নিয়মিত অধিনায়ক মিচেল মার্শের পাশাপাশি প্যাট কামিন্স, স্টিভেন স্মিথসহ আরও বেশ কজনকে সেই দলে রাখা হয়নি ভারতের বিপক্ষে বোর্ডার-গাভাস্কার ট্রফির প্রস্তুতির জন্য। তখন বলা হয়েছিল, অধিনায়কের নাম জানানো হবে পরে। সেটিই এখন চূড়ান্ত করা হলো। অস্ট্রেলিয়ার ১৪তম টি-টোয়েন্টি অধিনায়ক হবেন ইংলিস।

ওয়ানডের নেতৃত্বের ব্যাপারটি সিদ্ধান্তটি খানিকটা চমক হয়েই এসেছে। তিন ম্যাচের সিরিজের শেষটির দলে নিয়মিত অধিনায়ক প্যাট কামিন্সের পাশাপাশি থাকছেন না স্টিভেন স্মিথ, জশ হেইজেলউড, মিচেল স্টার্ক ও মার্নাস লাবুশেন। ওই ম্যাচটি না খেলে বোর্ডার-গাভাস্কার ট্রফির জন্য প্রস্তুতি নেবেন তারা। পিতৃত্বকালীন ছুটি ও বোর্ডার-গাভাস্কার ট্রফির প্রস্তুতি মিলিয়ে আগে থেকেই গোটা সিরিজে নেই মিচেল মার্শ ও ট্রাভিস হেড। সব মিলিয়েই শেষ ওয়ানডের নেতৃত্ব পেয়ে গেছেন ইংলিস। অস্ট্রেলিয়ার ৩০তম ওয়ানডে অধিনায়ক হবেন ২৯ বছর বয়সী এই কিপার-ব্যাটসম্যান।

টি-টোয়েন্টির নেতৃত্বের বিবেচনায় ছিলেন অভিজ্ঞ গ্লেন ম্যাক্সওয়েল, অ্যাডাম জ্যাম্পা, অ্যারন হার্ডি ও ম্যাথু শর্ট। তাদের সবারই বিগ ব্যাশে অধিনায়কত্ব করার অভিজ্ঞতা আছে। এমনকি এই অভিজ্ঞতা আছে ন্যাথান এলিসেরও। ইংলিসের উল্লেখযোগ্য অভিজ্ঞতা বলতে আছে কেবল ২০২২ সালে সফরকারী ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে প্রস্তুতি ম্যাচে প্রাইম মিনিস্টার'স একাদশকে নেতৃত্ব দেওয়া। গত মৌসুমে বিগ ব্যাশে পার্থ স্কর্চার্সের সহ-অধিনায়ক ছিলেন তিনি। তবে নেতৃত্বের সহজাত গুণ ও ট্যাকটিক্যাল মেধার জন্য অস্ট্রেলিয়ান ক্রিকেটে পরিচিতি আছে ইংলিসের। প্রধান নির্বাচক জর্জ বেইলির কথায়ও তা ফুটে উঠল।

জর্জ বেইলি বলেন, "আমাদের ওয়ানডে ও টি-টোয়েন্টি দলের অবিচ্ছেদ্য অংশ জশ। মাঠের ভেতরে-বাইরে দারুণ সম্মানও পায় সবার কাছ থেকে। আগে সে প্রাইম মিনিস্টার'স একাদশকে নেতৃতব দিয়েছে এবং এই ভূমিকায় সে ট্যাকটিকাল মনন ও ইতিবাচক মানসিকতা বয়ে আনবে। মাঠে ম্যাথু শর্ট, অ্যাডাম জ্যাম্পার পাশাপাশি গ্লেন ম্যাক্সওয়েল ও মার্কাস স্টয়নিসের কাছ থেকেও সবরকম সহায়তা পাবে জশ।"

ওয়ানডে সিরিজের প্রথমটি জিতে এগিয়ে আছে অস্ট্রেলিয়া। তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু ১৪ নভেম্বর।

# ঘরের মাঠে ফের লজ্জার হার রিয়ালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বার্নাব্যুকে রিয়াল মাদ্রিদ এতটাই শক্তিশালী দুর্গে পরিণত করেছিল এগিয়ে থাকলেও শেষের বাশি বাজার আগ পর্যন্ত স্বস্তির নিশ্বাস ফেলতে পারতনা প্রতিপক্ষ।ঘরের মাঠে বড় ব্যবধানে পিছিয়ে পড়েও শেষ মুহূর্তের নাটকীয়তায় ঘুরে দাঁড়িয়ে জেতার অসংখ্য উপখ্যান আছে লস ব্লাংকোদের। তবে তারাই যেন চেনা মাঠে এখন পুরোপরি ছন্দহীন।দুর্গেই হারছে একের পর এক ম্যাচ। বার্নাব্যুতে মঙ্গলবার রাতে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচটি ৩-১ গোলে জিতেছে মিলান। আসরে প্রথম দুই ম্যাচে হারের পর টানা দুই ম্যাচ জিতল প্রতিযোগিতার দ্বিতীয় সর্বোচ্চ সাতবারের চ্যাম্পিয়নরা। এ নিয়ে ঘরের মাঠে টানা দুই ম্যাচ হারল লস ব্লাংকোরা।

চলতি মৌসুমে সব মিলিয়ে এটি রিয়ালের তৃতীয় হার। অথচ গত মৌসুমে সব মিলিয়ে মাত্র ২ ম্যাচ হেরেছিল ক্লাবটি। এদিন ম্যাচের শুরুতেই ভ্যালেন্সিয়ায় বন্যায় ক্ষতিগ্রস্তদের উদ্দেশ্যে শোক প্রকাশ করা হয়। আর খেলা শুরু হতেই আক্রমণকে পাখির চোখ করে রিয়াল।

এদিন সান্তিয়াগো বার্নাব্যুতে রিয়ালের শুরুটা হয়েছিল গোল হজম করে। ম্যাচের ১২ মিনিটের মাথায় মাদ্রিদকে স্তব্ধ করে এগিয়ে যায় মিলান। কর্নার থেকে উড়ে আসা বলকে হেডে জালে জড়িয়ে অতিথিদের এগিয়ে দেন মালিক চিয়াও। পরের মিনিটেই সমতা ফেরার সুযোগ পায় রিয়াল। যদিও সেই সুযোগ কাজে লাগাতে পারেননি এমবাপ্পে ও ভিনিসিয়ুস।

তবে ম্যাচে ফিরতে খুব বেশি সময় নেয়নি রিয়াল। ব্যালন ডি'অর না পাওয়ার দুঃখ ভুলে রিয়ালকে সমতায় ফেরান ভিনি। রিয়াল সমতায় ফেরে ভিনির পেনাল্টি থেকে করা গোলে।

অবশ্য সেই সুখ মিলিয়ে যায় বিরতিতে যাওয়ার আগেই। ৩৯ মিনিটে দ্বিতীয় দফা পিছিয়ে যায় রিয়াল। রিয়াল গোলরক্ষক আন্দ্রে লুনিন রাফায়েল লিয়াওয়ের শট ঠেকিয়ে দিলেও দ্বিতীয় প্রচেষ্টায় ঠিকই গোল করে দলকে এগিয়ে দেন আলভারো মোরাতা। ৪৩ মিনিটে বল পেয়ে দারুণ গতিতে মিলানের বক্সের ঢুকে শট নেন এমবাপ্পে। তবে মিলান গোলরক্ষক মাইক মানিয়াঁর দৃঢ়তায় সমতায় ফেরা হয়নি রিয়ালের। পিছিয়ে থেকেই বিরতিতে যেতে হয় রিয়ালকে।

বিরতির পর দুটি পরিবর্তন আনে রিয়াল। অরেলিয়েঁ চুয়ামেনির জায়গায় আসেন ব্রাহিম দিয়াজ এবং ফেদে ভালভের্দের জায়গায় আসেন এদুয়ার্দো কামাভিঙ্গা। দুই পরিবর্তন নিয়ে শুরু থেকেই গোলের জন্য ঝাঁপিয়ে পড়ে রিয়াল। দ্রুত সুযোগও তৈরি করে। তবে তা গোলের জন্য যথেষ্ট ছিল না।

অন্যদিকে একের পর এক প্রতি আক্রমণে রিয়ালকে কাঁপিয়ে দিতে থাকে মিলান। একাধিকবার গোলের খুব কাছে গিয়েও ব্যবধান বাড়াতে পারেনি তারা।দ্বিতীয়ার্ধের ষষ্ঠ মিনিটে ব্যবধান বাড়তে পারতো আরও। তবে পর্তুগিজ ফরোয়ার্ড লেয়াওয়ের হেড দারুণ নৈপুণ্যে রুখে দেন রেয়ালের দ্বিতীয় পছন্দের গোলরক্ষক লুনিন।

রিয়ালের দুর্বল রক্ষণের সুযোগ নিয়ে ৭৩তম মিনিটে ব্যবধান বাড়ায় মিলান। লেয়াওয়ের পাস ঠাণ্ডা মাথায় নিয়ন্ত্রণে নিয়ে, নিচু শটে গোলরক্ষকের দুই পায়ের ফাঁক দিয়ে গোলটি করেন ডাচ মিডফিল্ডার রেইন্ডার্স।

৮১তম মিনিটে আন্টোনিও রুডিগারের জোরাল শট ঠিকানা খুঁজে পেলে আশা জাগে রেয়ালের। তবে ভিএআরের সাহায্যে রেফারি অফসাইডের বাঁশি বাজালে হতাশায় পুড়তে হয় স্বাগতিকদের।শেষ দিকে দুই দলই একটি করে সুবর্ণ সুযোগ পায়। তবে কেউই প্রতিপক্ষ গোলরক্ষকের বাধা এড়াতে পারেনি।

চার ম্যাচে দুই জয়ে ৬ পয়েন্ট নিয়ে ১৭ নম্বরে নেমে গেছে রেয়াল। সমান পয়েন্ট নিয়ে ১৮ নম্বরে উঠেছে মিলান।

# বার্নাব্যুতে রিয়ালকে কাঁদালো এসি মিলান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনার পর ইতালিয়ান জায়ান্ট এসি মিলানও ছাদবন্ধ বার্নাব্যুতে এনে দিয়েছে রাজ্যের নীরবতা। মিলানের কাছে ৩-১ গোলে হেরেছে রিয়াল মাদ্রিদ। ঘরের মাঠে রিয়ালের টানা দুই হার, কিছুটা অবিশ্বাস্য বলতেই হয়। এসি মিলান কোচ পাওলো ফনসেস্কা রিয়ালকে হারিয়েছেন কাউন্টার অ্যাটাক আর প্রেসিং ফুটবলে। পুরো ম্যাচেই এলোমেলো আক্রমণ করেছে রিয়াল। সে তুলনায় এসি মিলান ছিল অনেকটাই গোছানো। স্রোতের বিপরীতে ম্যাচের প্রথম গোলটা মিলানই করেছে। ১২ মিনিটের মাথায় মাদ্রিদকে স্তব্ধ করে এগিয়ে যায় মিলান। কর্নার থেকে উড়ে আসা বলকে হেডে জালে জড়িয়ে অতিথিদের এগিয়ে দেন মালিক চিয়াও। পুরো ম্যাচে বেশ দৃঢ়তার পরিচয় দেয়া এসি মিলান গোলরক্ষক একবারই পরাস্ত হয়েছেন। সেটা ম্যাচের ২৩ মিনিটের স্পটকিক থেকে। মেনিয়ঁকে বোকা বানিয়ে গোল করেন ভিনিসিয়ুস জুনিয়র। ৩৮ মিনিটে ফের মাদ্রিদকে ফের হতাশায় ভাসিয়ে এগিয়ে যায় মিলান। রিয়ালের ভুলেই আক্রমণটি গড়েছিল ইতালিয়ান ক্লাবটি। শুরুতে অবশ্য রাফায়েল লেয়াওয়ের শট ঠেকিয়ে দেন রিয়াল গোলরক্ষক আন্দ্রে লুনিন। তবে ফিরতি বলে আলতো টোকায় বল জালে জড়ান আলভারো মোরাতা। এই গোলে রিয়ালের রক্ষণ পুরোপুরি আনমার্কড রেখেছিল মিলানের নাম্বার সেভেনকে। বিরতির পর দুটি পরিবর্তন আনে রিয়াল। চুয়ামেনির জায়গায় আসেন ব্রাহিম দিয়াজ এবং ফেদে ভালভের্দের জায়গায় আসেন এদুয়ার্দো কামাভিঙ্গা। দুই পরিবর্তন নিয়ে আক্রমণাত্মক শুরু করলেও তাতে এসি মিলানের রক্ষণে চিড় ধরাতে পারেনি রিয়াল। বরং এমবাপ্পে একের পর এক মিসে বাড়িয়েছেন দলের হতাশা। রিয়ালের একের পর এক মিসের শাস্তিটাই হয়ত দিয়েছেন রাফায়েল লেয়াও। একবার তার হেড দারুণভাবে ঠেকিয়ে দেন লুনিন। তবে পরেরবার নিজে বক্সে ঢুকে গেলেও পাস দেন তিজানি রেইনডার্সকে। এবারেও রিয়াল রক্ষণভাগ মার্ক করতে পারেনি এগিয়ে আসা খেলোয়াড়কে। ফলাফল ৩-১। এর মধ্যে আন্তোনিও রুদিগারের গোল করলেও সেটি বাতিল হয় অফসাইডের কারণে। শেষ পর্যন্ত টানা দুই হারেই শেষ হয় সান্তিয়াগো বার্নাব্যুর রাত।

# অস্ট্রেলিয়া সফরে বুমরাহকে কেন অধিনায়ক চান গাভাস্কার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের প্রথম টেস্ট আগামী ২২ নভেম্বর। সেই ম্যাচ হয়তো খেলবেন না ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা। ব্যক্তিগত কারণে তিনি ওই টেস্ট থেকে ছুটি নিয়েছেন বলে জানা গেছে।

ভারতের টেস্ট দলের নিয়মিত অধিনায়ক রোহিত, তার সহকারী হিসেবে আছেন পেসার যশপ্রীত বুমরাহ। প্রথম দুটি টেস্টে রোহিত খেলতে না পারলে বুমরাহ নেতৃত্ব দেওয়ার কথা। রোহিত ফিরলে সিরিজের বাকি টেস্টে তারই নেতৃত্ব দেওয়ার কথা।

এ ক্ষেত্রে ভারতীয় কিংবদন্তি সুনীল গাভাস্কারের ভাবনা অন্যরকম। এক সিরিজে দু'জনের অধিনায়কত্ব করার পক্ষে নন ভারতের সাবেক এই ব্যাটসম্যান। প্রথম দুটি টেস্টে রোহিত না থাকলে তাকে পরের ম্যাচগুলোয় শুধুই একজন খেলোয়াড় হিসেবে খেলানোর পরামর্শ দিয়েছেন তিনি। পুরো সিরিজের জন্য নেতৃত্ব দিতে বলছেন সহ-অধিনায়ক বুমরাহকে।

গাভাস্কার বলেন, অধিনায়কের প্রথম টেস্ট খেলা খুবই গুরুত্বপূর্ণ। চোট থাকলে আলাদা ব্যাপার। কিন্তু যদি সে প্রথম টেস্ট খেলতে না চায় তাহলে সহকারী অধিনায়কের উপর চাপ পড়ে। আমি এক জায়গায় পড়ছিলাম, রোহিত অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম দু'টি টেস্ট না-ও খেলতে পারে। আমার মনে হয় সে ক্ষেত্রে নির্বাচন কমিটির উচিত গোটা সিরিজের জন্যই বুমরাহ অধিনায়ক করে দেওয়া। সেই সঙ্গে রোহিতকে বলে দেওয়া, সিরিজের মাঝে দলে যোগ দিলে শুধু মাত্র খেলোয়াড় হিসাবে থাকতে হবে। প্রথম টেস্টে রোহিতের অবশ্যই দলের সঙ্গে থাকা উচিত।'

# মাসসেরার দৌড়ে রাবাদা-স্যান্টনার-নোমান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইসিসি প্লেয়ার অব দ্য মান্থ অ্যাওয়ার্ডে অক্টোবর মাসের সেরা হবার দৌড়ে আছেন দক্ষিণ আফ্রিকার পেসার কাগিসো রাবাদসহ দুই স্পিনার নিউজিল্যান্ডের মিচেল স্যান্টনার ও পাকিস্তানের নোমান আলি।

গত মাসের সেরার লড়াইয়ে থাকা পুরুষ ও নারী ক্রিকেটারদের সংক্ষিপ্ত তালিকা মঙ্গলবার প্রকাশ করে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)।

নারীদের সেরার লড়াইয়ে আছেন দক্ষিণ আফ্রিকার লরা উলভার্ট, নিউজিল্যান্ডের অ্যামেলিয়া কার এবং ওয়েস্ট ইন্ডিজের দিওয়ান্দ্রা ডোটিন।

গত মাসে বাংলাদেশ সফরে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলেছিলো দক্ষিণ আফ্রিকা। মিরপুর টেস্টের প্রথম ইনিংসে ২৬ রানে ৩ এবং দ্বিতীয় ইনিংসে ৪৬ রানে ৬ উইকেট নেন রাবাদা।

তার বোলিং নৈপুন্যে ৭ উইকেটের জয় পায় প্রোটিয়ারা। ২০১৪ সালের পর এশিয়ার মাঠে প্রথম টেস্ট জিতে দক্ষিণ আফ্রিকা।

প্রথম টেস্টে দুর্দান্ত পারফরমেন্সের সুবাদে দীর্ঘ সাড়ে ছয় বছর পর আইসিসি র‍্যাঙ্কিংয়ে বোলারদের তালিকায় শীর্ষে উঠেন রাবাদা।

চট্টগ্রামে দ্বিতীয় টেস্টের প্রথম ইনিংসে ৩৭ রানে ৫ উইকেট নেন রাবাদা। দ্বিতীয় ইনিংসে উইকেট পাননি তিনি। তবে পুরো সিরিজে ১৪ উইকেট নিয়ে সেরা খেলোয়াড় হন রাবাদা।

তাই আইসিসি মাস সেরার দৌড়ে জায়গা করে নিয়েছেন ২৯ বছর বয়সী রাবাদা।

অক্টোবরে মাত্র একটি টেস্ট খেলেই মাস সেরার দৌড়ে নাম লিখিয়েছেন স্যান্টনার। পুনেতে সিরিজের দ্বিতীয় টেস্টে ১৫৭ রানে ১৩ উইকেট নিয়ে ভারতকে একাই ধসিয়ে দেন তিনি।

প্রথম ইনিংসে ৫৩ রানে ৭ ও দ্বিতীয় ইনিংসে ১০৪ রানে ৬ উইকেট নিয়েছিলেন স্যান্টনার। ঐ ম্যাচে ব্যাট হাতে গুরুত্বপূর্ণ ৩৭ রানও করেন এই বাঁ-হাতি খেলোয়াড়।

দ্বিতীয় ম্যাচে সেরার পুরস্কার জিতে মাস সেরার তালিকায় আছেন স্যান্টনার। ইনজুরির কারণে সিরিজের শেষ ম্যাচে খেলতে পারেননি স্যান্টনার। তারপরও ভারতের বিপক্ষে ৩-০ ব্যবধানে সিরিজ জিতে ইতিহাস সৃষ্টি করে নিউজিল্যান্ড। প্রথমবারের মত ভারতের টেস্ট জয়ের স্বাদ পায় কিউইরা। দুই স্পিনার নোমান আলি ও সাজিদ খানের অসাধারণ বোলিং নৈপুন্যে গত মাসে ইংল্যান্ডের বিপক্ষে পিছিয়ে পড়েও ২-১ ব্যবধানে তিন ম্যাচ টেস্ট সিরিজ জিতেছে পাকিস্তান। প্রথম টেস্টে দলে না থাকলেও সিরিজের শেষ দুই ম্যাচে নোমান ও সাজিদ মিলে ইংল্যান্ডের ৪০ উইকেটের মধ্যে ৩৯টিই শিকার করেন।

সিরিজের দ্বিতীয় টেস্টে ১৪৭ রানে ১১ ও শেষ ম্যাচে ১৩০ রানে ৯ উইকেট নেন নোমান। চার ইনিংসে ১৩.৮৫ গড়ে ২০ উইকেট নিয়ে মাস সেরা দৌড়ে আছেন এই বাঁ-হাতি স্পিনার।

আইসিসির ভোটিং একাডেমি ও ক্রিকেট সমর্থকদের যৌথ ভোটে নির্বাচন করা হয় মাসের সেরা ক্রিকেটার। ভোটিং একাডেমিতে আছেন জ্যেষ্ঠ ক্রীড়া সাংবাদিক, সাবেক ক্রিকেটার ও ধারাভাষ্যকাররা। রায়ে ভোটিং একাডেমির ভোট বিবেচনায় নেওয়া হয় শতকরা ৯০ ভাগ এবং সমর্থকদের বাকি ১০ ভাগ ভোট।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR